ঢাকা ওয়াসা

১। ২০২৫-২৬ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনার এর কপি।
২। কোটেশন চেয়ে ঠিকাদারকে প্রদত্ত চিঠি এর কপি।
৩। ঠিকাদার হতে প্রাপ্ত কোটেশন এর কপি।
৪। Price Comparision Sheet এর কপি।
৫। আলোচ্য কাজের প্রাক্কলন এর কপি।

Name of Work: Repair & Maintenance Dobule Cabin Pick-Up Dhaka Metro-Tha-11-5070 Vehicles of Saidabad WTP (Maintenance) Division.

০১। সায়েদাবাদ পানি শোধনাগারের মাধ্যমে ডি.এন.ডি ক্যানেল এর মাধ্যমে শীতলক্ষ্যা নদী হতে পানি এনে পরিশোধন করে ঢাকা মহানগরবাসীর নিকট প্রতিদিন ৪৫ কোটি লিটার পানি সরবরাহ করা হয়। বর্তমানে সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ এবং ফেজ-২ নামে দুটি শোধনাগার রয়েছে। শীতলক্ষ্যা নদীর পানি সারুলিয়া পাম্পিং স্টেশন হয়ে ডিএনডি ক্যানেল এবং বক্স কালভার্ট এর মাধ্যমে "র" ওয়াটার পাম্পিং স্টেশনে আসে এবং পরবর্তী ধাপে পরিশোধন প্রক্রিয়া শেষে মেইন ট্রান্সমিশন ৪৬ কিঃমিঃ দীর্ঘ লাইনের মাধ্যমে বিভিন্ন মডস জোনের ডিস্ট্রিবিউশন লাইনে প্রবাহিত হয়। উক্ত পানির মেইন ট্রান্সমিশন লাইনে বিভিন্ন ধরনের ভালভ ও ভালভ্ চেম্বার (ARV, e-PRV, BV, GV & WOV) রয়েছে। বর্ণিত গাড়ি দ্বারা ৪৬ কিঃমিঃ দীর্ঘ পানির মেইন ট্রান্সমিশন লাইনে প্রায় প্রতিদিন বিভিন্ন ধরনের ভালভ ও ভালভ্ চেম্বার মেরামত ও রক্ষনাবেক্ষন করা হয়ে থাকে। এছাড়াও বিভিন্ন সময়ে ডিএনডি খালের উচ্ছেদ ও রক্ষণাবেক্ষণ এবং বিভিন্ন মডস জোনের চাহিদার প্রেক্ষিতে মাঠ পর্যায়ে ট্রান্সমিশন মেইন লাইনের রক্ষণাবেক্ষণ কাজ করতে হয়। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, সায়েদাবাদ পানি শোধনাগার ফেজ-১ (রক্ষণাবেক্ষণ) বিভাগে ব্যবহৃত ডাবল কেবিন পিকআপ ঢাকা মেট্রো-ঠ-১১-৫০৭০ গাড়িটির ত্রুটি দেখা দিয়েছে। সম্প্রতি গাড়িটির এসি কম্প্রেসার,সিট,রিলিজ বিয়ারিং, ইঞ্জিন হেড গ্যাসকেট, ইঞ্জিন অয়েল পাম্প, ইঞ্জিন ফ্যান বেল্ট,ফুল গাড়ী ডেন্টিং এবং পেইন্টিং, ইলেকট্রিক্যাল ওয়্যারিং,উন্ডশীল্ড গ্লাস,ফুয়েল প্রেসার সেন্সর,অয়েল ফিল্টার,ফুয়েল সিষ্টেম,সাসপেনসন সিষ্টেম,ড্যাশবোড, ডোর গ্লাস মেশিন,পাইপ,সেন্টার বিয়ারিং,ফুয়েল ফিল্টার, পাওয়ার ষ্টেয়ারিং এবং ষ্টেয়ারিং ক্রস ইত্যাদি মালামাল অতি পুরাতন ও খারাপ থাকায় গাড়ীটি প্রায় মেরামত করে চালানো হচ্ছে। গাড়ীটি দ্বারা মেইন ট্রান্সমিশন লাইনের প্রায় প্রতিদিন বিভিন্ন ধরনের ভালভ ও ভালভ্ চেম্বার মেরামত ও রক্ষনাবেক্ষন করা হয়ে থাকে বিধায় জুরুরী ভিত্তিতে গাড়ীটি মেরামত করা প্রয়োজন। তাই গাড়ীটি মেরামতের জন্য ঢাকা ওয়াসার তালিকাভূক্ত গাড়ী মেরামতকারী প্রতিষ্ঠান হতে কোটেশন (ক্রমিক নং-২) চাওয়া হলে ৩টি কোটেশন পাওয়া গেছে (ক্রমিক নং-৩)। তন্মধ্যে সর্বনিম্ন কোটেশন দাতা শেখ অটোমোবাইলস্ এর দাখিলকৃত কোটেশনের ভিত্তিতে একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (ক্রমিক নং-৪)। প্রাক্কলনে টাকার পরিমান দাঁড়িয়েছে টাঃ ১,৮১,৯৪০/-(এক লক্ষ একাশি হাজার নয়শত চল্লিশ) টাকা মাত্র।

০২। আলোচ্য কাজটির যাবতীয় ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগের এর ২০২৫-২৬ইং অর্থ বৎসরের রাজস্ব বাজেটের যানবাহন রক্ষনাবেক্ষন খাত হইতে নির্বাহ করা হইবে। ঢাকা ওয়াসার প্রচলিত DoFP অনুযায়ী, উপস্থাপিত প্রাক্কলন অনুমোদনের আর্থিক ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা ওয়াসা মহোদয়ের এখতিয়ার ভুক্ত।

০৩। ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক কর্ম পরিকল্পনায় বিষয়ভুক্ত ক্রয় কাজটি সরাসরি দরপত্র পদ্ধতিতে সম্পাদনের অনুমোদন রয়েছে। আলোচ্য কাজটি বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-১৫৭ এবং প্যাকেজ নং-W-101 তে অর্ন্তভুক্ত রয়েছে । সেই আলোকে আলোচ্য কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯৯(১) ধারা অনুসারে সরাসরি কার্যক্রয় পদ্ধতি এর মাধ্যমে সর্বনিম্ন কোটেশন দাতা ঠিকাদারী প্রতিষ্ঠান শেখ অটোমোবাইলস্ কে নিয়োজিত করে কাজটি সম্পাদনের প্রস্তাবনা পেশ করা হল ।

০৪। এমতাবস্থায়,বিভাগীয় কাজের স্বার্থে জরুরী ভিত্তিতে Repair & Maintenance Dobule Cabin Pick-Up Dhaka Metro-Tha-11-5070 Vehicles of Saidabad WTP (Maintenance) Division.কাজের আওতায় ডাবল কেবিন পিকআপ ঢাকা মেট্রো-ঠ-১১-৫০৭০ গাড়ীর মেরামত কাজের জন্য পি.পি.আর ২০২৫ এর ৯৯(১) ধারা অনুসরনে গাড়ী মেরামত ও টেকনিক্যাল কমিটির মতামত সাপেক্ষে ঠিকাদার শেখ অটোমোবাইলস্ এর সাথে সরাসরি চুক্তি প্রক্রিয়ায় সর্বমোট টাঃ ১,৮১,৯৪০/-(এক লক্ষ একাশি হাজার নয়শত চল্লিশ) টাকা মাত্র। প্রাক্কলনটি সদয় অনুমোদন দেওয়া যাইতে পারে।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমুহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

28/1/26	28/01/26	28-01-26
সুব্রত কুমার দেব	মোঃ মশিউর রহমান ভূঞা	রাজীব আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী	সহকারী প্রকৌশলী	নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)	সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।	ঢাকা ওয়াসা।	ঢাকা ওয়াসা।

Convener (Technical Committee)

৫। ক্রমিক নং-৫ এর প্রাক্কলনটি যানবাহন টেকনিক্যাল কমিটি কর্তৃক পরীক্ষা নিরীক্ষা করা হইল। বর্তমান বাজার দরের আলোকে প্রাক্কলনটি সংশোধন করা হলো যাতে টাকার পরিমান সর্বমোট =১,৬৬,৫৪০/-(এক লক্ষ ছিষট্টি হাজার পাচশত চল্লিশ) টাকা মাত্র। যাহা সদয় অনুমোদনের নিমিত্তে টেকনিক্যাল কমিটি কর্তৃক সুপারিশ করা হইল। উল্লেখ্য, কাজ শেষে প্রাক্কলনটি Post Inspection পূর্বক বিল পরিশোধ করা যেতে পারে। এবং পরবর্তীতে উক্ত গাড়ী সমূহের যে কোন ও কাজের জন্য উপস্থাপিত নথিতে পূর্বের কাজ সমূহের সকল তথ্য ও বিবরণসহ উপস্থাপন করার জন্য অনুরোধ করা হলো।

আহ্বায়ক

০৫/০২/২৫

মোঃ সুলতান মাহমুদ
পরিবহন কর্মকর্তা (চঃ দাঃ)
পরিবহনপুল
ঢাকা ওয়াসা
ও
সদস্য সচিব
যানবাহন মেরামত টেকনিক্যাল কমিটি

Syed Shahriar
5/2/25

সাঈদ শাহরিয়ার হোসাইনী
নির্বাহী প্রকৌশলী
পিএন্ডডি (যাঃ ও তঃ) বিভাগ
ও
আহবায়ক
যানবাহন মেরামত টেকনিক্যাল কমিটি
ঢাকা ওয়াসা, ঢাকা।

ঢাকা ওয়াসা

০৬। অনুচ্ছেদ নং-০৫ এর প্রেক্ষিতে সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) এর ব্যবহৃত ডাবল কেবিন পিকআপ ঢাকা মেট্রো-ঠ-১১-৫০৭০ গাড়ীর মালামাল সরবরাহ ও মেরামত কাজ করনের জন্য যানবাহন টেকনিক্যাল কমিটি কর্তৃক সরোজমিনে পরীক্ষা নিরীক্ষা করে বর্ণিত প্রাক্কলনটি সংশোধন করেছেন। সংশোধিত প্রাক্কলনে টাকার পরিমান সর্বমোট টাঃ ১,৬৬,৫৪০/-(এক লক্ষ ছেষট্টি হাজার পাঁচশত চল্লিশ) টাকা মাত্র। আলোচ্য কাজটির যাবতীয় ব্যয়ভার সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) এর ২০২৫-২৬ইং অর্থ বৎসরের রাজস্ব বাজেটের যানবাহন রক্ষনাবেক্ষন খাত (কোড নং-০১-০৪-০১৭) হইতে নির্বাহ করা হইবে। বর্ণিত কাজটি বার্ষিক কর্ম পরিকল্পনার ক্রমিক নং-১৫৭ এবং প্যাকেজ নং-W-101 তে অর্ন্তভুক্ত রয়েছে।

০৭। এমতাবস্থায়,বিভাগীয় কাজের স্বার্থে জরুরী ভিত্তিতে Repair & Maintenance Dobule Cabin Pick-Up Dhaka Metro-Tha-11-5070 Vehicles of Saidabad WTP (Maintenance) Division.কাজের আওতায় ট্রাক্টরটির মেরামত কাজের জন্য পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা ২০২৫ এর ৯৯(১) ধারা অনুসারে সরাসরি কার্যক্রয় পদ্ধতি এর মাধ্যমে ঠিকাদার শেখ অটোমোবাইলস্ এর সাথে সরাসরি চুক্তি প্রক্রিয়ায় সর্বমোট টাঃ ১,৬৬,৫৪০/-(এক লক্ষ ছেষট্টি হাজার পাঁচশত চল্লিশ) টাকা মাত্র। প্রাক্কলনটি সদয় অনুমোদন দেওয়া যাইতে পারে।

উল্লেখ্য, উপর্যুক্ত প্রস্তাবনাসমুহ অনুমোদনের ক্ষমতা তত্ত্বাবধায়ক প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

SE (WSTP)

AE

EE

08/02/26 — 08-02-26

সুব্রত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

মোঃ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

০৮ — অনুমোদিত।

XEN (Maint.)

08/02/2026

মির্জা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পাগলা সার্কেল, ঢাকা ওয়াসা।

০৯। অনুচ্ছেদ নং-০৫ এর প্রেক্ষিতে সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) এর ব্যবহৃত ডাবল কেবিন পিকআপ ঢাকা মেট্রো-ঠ-১১-৫০৭০ গাড়ীটির মালামাল সরবরাহ ও মেরামত কাজ যানবাহন টেকনিক্যাল কমিটির সুপারিশকৃত প্রাক্কলন অনুযায়ী ঠিকাদার শেখ অটোমোবাইলস্ নিদ্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠ ভাবে সম্পন্ন করেছেন। বর্তমানে গাড়ীটি বিভাগীয় কাজে ব্যবহার করা হচ্ছে। সেই প্রেক্ষিতে যানবাহন টেকনিক্যাল কমিটি কর্তৃক সরোজমিনে বর্ণিত গাড়ীটির Post Inspection করা প্রয়োজন।

১০। এমতাবস্থায়,বিভাগীয় কাজের স্বার্থে জরুরী ভিত্তিতে ডাবল কেবিন পিকআপ ঢাকামেট্রো-ঠ-১১-৫০৭০ গাড়ীটির Post Inspection এর জন্য নথিটি আহবায়ক যানবাহন টেকনিক্যাল কমিটি বরাবর প্রেরণ করা যেতে পারে।

AE

EE

03/3/26
সুব্রত কুমার দেব
উপ-সহকারী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা

০৩/০৩/২৬
মোঃ মশিউর রহমান ভূঞা
সহকারী প্রকৌশলী
সাঃ পাঃ শোঃ (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

03-03-2026
রাজীব আহমেদ
নির্বাহী প্রকৌশলী
সায়েদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

Convener (Technical Committee)

১১। ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগারে এর Denting, Painting & Repairing works for (Dhaka metro-THA-13-6905) Single cabin pick-up Under SWTP (Maintenance) Division প্রাক্কলনের কাজ পর্যবেক্ষণ করা হইল। ঠিকাদার গাড়ীটির যাবতীয় কাজ সম্পাদন করিয়া গাড়ী ব্যবহারকারী বিভাগকে হস্তান্তর করিয়াছেন। কারিগরী বিবেচনায় কাজটি সঠিক আছে। বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হইল।

মোঃ সুলতান মাহমুদ
পরিবহন কর্মকর্তা (চঃ দাঃ)
পরিবহনপুল
ঢাকা ওয়াসা
ও
সদস্য সচিব
যানবাহন মেরামত টেকনিক্যাল কমিটি

সাঈদ শাহরিয়ার হোসাইনী
নির্বাহী প্রকৌশলী
পিএন্ডডি (যাঃ ও তঃ) বিভাগ
ও
আহবায়ক
যানবাহন মেরামত টেকনিক্যাল কমিটি
ঢাকা ওয়াসা, ঢাকা।

ঢাকা ওয়াসা

১১। ঢাকা ওয়াসার সায়েদাবাদ পানি শোধনাগারে এর Repairing & Maintenance double Cabin Pick-up (Dhaka metro-THA-11-5070) pick-up Under SWTP (Maintenance) Division প্রাক্কলনের কাজ পর্যবেক্ষণ করা হইল। ঠিকাদার গাড়ীটির যাবতীয় কাজ সম্পাদন করিয়া গাড়ী ব্যবহারকারী বিভাগকে হস্তান্তর করিয়াছেন। কারিগরী বিবেচনায় কাজটি সঠিক আছে। বিধি মোতাবেক পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করা হইল।

মোঃ সুলতান মাহমুদ
পরিবহন কর্মকর্তা (চঃ দাঃ)
পরিবহনপুল
ঢাকা ওয়াসা
ও
সদস্য সচিব
যানবাহন মেরামত টেকনিক্যাল কমিটি

সাঈদ শাহরিয়ার হোসাইনী
নির্বাহী প্রকৌশলী
পিএন্ডডি (যাঃ ও তঃ) বিভাগ
ও
আহ্বায়ক
যানবাহন মেরামত টেকনিক্যাল কমিটি
ঢাকা ওয়াসা, ঢাকা।